



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
শর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১২.২৪.১৩২

তারিখ: ২৭ নভেম্বর ২০২৫ খ্রি.

অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স এ

ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনপ্রাপ্ত অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (কারিকুলাম কোড: ৮০) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানে ২০২৬ সেশনে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১. শিক্ষাক্রম পরিচিতি:

- ১.১ এ শিক্ষাক্রমের মেয়াদ হবে ১ বছর (জানুয়ারি-ডিসেম্বর) এবং ইহা ১ম ও ২য় পর্বে বাস্তবায়ন করা হবে। ২য় পর্ব চূড়ান্ত পরীক্ষা থেকে ৬ (ছয়) সপ্তাহব্যাপী সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে শিল্প/প্রাতিষ্ঠানিক বাস্তব প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।
- ১.২ সিলেবাসের বিষয় সমূহে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের অনুপাত হবে ৪০:৬০। প্রতিপর্বে ক্লাস হবে ১৬ সপ্তাহ, প্রতি সপ্তাহে ৩০-৪০ পিরিয়ড ও এক পিরিয়ডের সময়কাল হবে ৫০ মিনিট।

০২. ভর্তির নিয়মাবলি:


- ২.১ ভর্তির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ২.২ প্রতি ট্রেডে আসন সংখ্যা ৫০ জন, যার মধ্যে ৪০ জন নতুন এবং ১০ জন ড্রপআউট হবে। চলামান ট্রেডের নামসহ বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে।
লিংক: www.bteb.gov.bd ⇒ প্রতিষ্ঠানের তালিকা ⇒ এডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদী)
- ২.৩ ০৪ জানুয়ারি ২০২৬ রোজ রবিবার থেকে ক্লাস শুরু হবে। ক্লাস রুটিন ভর্তির ১০ দিনের মধ্যে বোর্ডের কারিকুলাম শাখায় ই-মেইলে (shortcourse128.bteb@gmail.com) প্রেরণ করতে হবে। সিলেবাসের সাথে সংযুক্ত কোর্স স্ট্রাকচার অনুযায়ী সাপ্তাহিক পিরিয়ড বন্টন করে রুটিন প্রণয়ন করতে হবে এবং ক্লাস রুটিনে শিক্ষকদের নাম, মোবাইল নম্বর, কক্ষ/ল্যাব ও শিক্ষার্থীর সেকশন উল্লেখ করতে হবে।
- ২.৪ ভর্তির ক্ষেত্রে বয়স ও পাসের সন শিথিলযোগ্য।

০৩. রেজিস্ট্রেশনের নিয়মাবলি:

- ৩.১ ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে ই-সেবা প্ল্যাটফর্ম (bteb.gov.bd ⇒ ই-সেবা ⇒ প্রতিষ্ঠান লগইন অথবা btebesheba.gov.bd ⇒ প্রতিষ্ঠান লগইন) এর মাধ্যমে তথ্য Online এ প্রেরণ করতে হবে।
- ৩.২ এ রেজিস্ট্রেশনের মেয়াদ হবে ২০২৭ সাল পর্যন্ত। এ সময়ের মধ্যে কোন শিক্ষার্থী উত্তীর্ণ হতে ব্যর্থ হলে বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংযোগ রক্ষাকারী ফি প্রদানপূর্বক রেজিস্ট্রেশন শাখা হতে শুধুমাত্র ২০২৮ সালের জন্য মেয়াদ বাড়ানো যাবে।
- ৩.৩ ১ম পর্বের কোনো শিক্ষার্থী কাম্য উপস্থিতি অর্জনে ব্যর্থ হওয়ায় ১ম পর্বের বোর্ড সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- ৩.৪ ১ম পর্বের কোনো শিক্ষার্থী বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে করে পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলেও উক্ত শিক্ষার্থী পরবর্তী শিক্ষাবর্ষের ১ম পর্বের বোর্ড সমাপনী পরীক্ষার জন্য ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। সেক্ষেত্রে উক্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনঃভর্তি হতে হবে।
- ৩.৫ শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ২০০ টাকা ও রোভার স্কাউট ফি ১৫ টাকাসহ সর্বমোট ২১৫ (দুইশত পনেরো) টাকা ভর্তি ফি হিসেবে প্রদান করতে হবে।

অব্যাহত.....

০৪. মূল্যায়ন প্রক্রিয়া ও পর্বের গুরুত্ব, পর্ব সমাপনী/ চূড়ান্ত ও ধারাবাহিক মূল্যায়নের নিয়মাবলি সম্পর্কে “অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) প্রবিধান ২০২১ (পরিমার্জিত)” থেকে বিস্তারিত জানা যাবে।



২৭/১১/২০২৫

(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)

পরিচালক (কারিকুলাম)

ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩

ইমেইল: bteb.director@gmail.com

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১২.২৪.১৩২ (১১)

তারিখ: ২৭ নভেম্বর ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩. উপসচিব, (কারিগরি অধিশাখা-০৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৬. উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৭. উপপরিচালক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সংরক্ষণ নথি।



২৭/১১/২০২৫

(মোঃ মাছুম বিল্লাল সরদার)

কারিকুলাম বিশেষজ্ঞ (অঃ দাঃ)

মোবাঃ ০১৩২২৮৩০১০০

মেইল: shortcourse128.bteb@gmail.com